

# উপাচার্যের আশ্বাসে বছর কেটে গেলেও হয়নি জুলাই কর্নার

যবিপ্রবি প্রতিনিধি

১৯ সেপ্টেম্বর ২০২৫, ০৮:১২ এএম



বিশ্ববিদ্যালয়ে জুলাই কর্নার উদ্বোধনের তারিখ ঘোষণা দিয়েও চালু করতে পারেনি যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (যবিপ্রবি) প্রশাসন। জুলাই গণঅভ্যুত্থান পরবর্তী সময়ে শিক্ষার্থীদের দাবির প্রেক্ষিতে যবিপ্রবি উপাচার্য জুলাই কর্নার স্থাপনের আশ্বাস দিলেও অবহেলা ও উদাসীনতার কারণে তা উদ্বোধন হয়নি বলে প্রশাসনের বিরুদ্ধে অভিযোগ উঠেছে।

জানা যায়, জুলাই গণঅভ্যুত্থান পরবর্তী সময়ে জুলাই শহীদদের স্মৃতি রক্ষার্থে ‘জুলাই কর্নার’ নামক একটি গ্রন্থাগার স্থাপনের আশ্বাস দেন উপাচার্য অধ্যাপক ড. মো. আব্দুল মজিদ। কিন্তু এর এক বছর পেরিয়ে গেলেও বিশ্ববিদ্যালয় প্রশাসনের অবহেলা ও উদাসীনতায় গত ৫ আগস্ট যবিপ্রবির মাইকেল মধুসূদন দত্ত কেন্দ্রীয় গ্রন্থাগার কাম একাডেমিক ভবনে জুলাই কর্নার উদ্বোধনের ঘোষণা দিয়েও সেটি উদ্বোধন করতে পারেনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ফুড ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০২১-২২ সেশনের শিক্ষার্থী তপু ইসলাম বলেন, ‘জুলাই আন্দোলনের স্মৃতি সংরক্ষণের জন্য জুলাই কর্নার স্থাপনের দাবি নিয়ে শিক্ষার্থীরা বারবার প্রশাসনের কাছে গিয়েছি। ভিসি স্যারের নিকট লিখিত আকারে দাবিও দিয়েছি। প্রতিবার শুধু আশ্বাসই পেয়েছি, কাজের কাজ কিছুই হয়নি। এমনকি জুলাই কর্নার উদ্বোধনের তারিখও ঘোষণা করেছিলেন ৫ আগস্ট, কিন্তু তা করা হয়নি।’

তপু আরও বলেছেন, ‘এখন প্রশ্ন—যাদের রক্তের ওপর দাঁড়িয়ে আছে এই দেশ ও ক্যাম্পাস, তাদের স্মৃতি রক্ষায় এত অবহেলা ও উদাসীনতা কেন? শহীদদের প্রতি এই অবহেলা আমরা সহ্য করব না। দ্রুততম সময়ের মধ্যে জুলাই কর্নার স্থাপন না করলে যবিপ্রবি শিক্ষার্থীরা স্পষ্ট বুঝিয়ে দেবে, এমন প্রশাসন আমাদের প্রয়োজন নেই।’

উপাচার্য অধ্যাপক ড. মো. আব্দুল মজিদ বলেন, ‘গত ৫ আগস্ট আমাদের পরিকল্পনায় ছিল জুলাই কর্নার উদ্বোধন করার, কিন্তু নানাবিধ কারণে কাজ সম্পন্ন না হওয়ায় উদ্বোধন করা যায়নি। জুলাই কর্নারের কনসেপ্ট ও ডিজাইন তৈরি করতে গিয়ে আমাদের সময় লেগেছে।’

তিনি আরও বলেন, ‘ট্রেজারার স্যার কনসেপ্টের দায়িত্বে আছেন, দ্রুতই কাজ দৃশ্যমান হবে। নভেম্বর মাসে জুলাই কর্নার উদ্বোধন করতে পারব।’